

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৯৩

১/ বিবিধ

আরবী

ما تزين الأبرار في الدنيا بمثل الزهد في الدنيا

موضوع

رواه أبو يعلى في "مسنده" (98/1 - 2) عن سليمان الشاذكوني: حدثنا إسماعيل
ابن أبان: حدثنا علي بن الحزور قال: سمعت أبا مريم يقول: سمعت عمار بن
ياسر يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره.
قلت: هذا إسناد هالك مسلسل بالعلل السوداء!

أبو مريم وهو الثقفي. قال الحافظ: مجهول

علي بن الحزور. قال: متزوك شديد التشيع

إسماعيل بن أبان وهو الغنوبي الخياط الكوفي. قال الحافظ: متزوك رمي بالوضع

سليمان الشاذكوني وهو ابن داود. متهم بالوضع والكذب في الحديث. أورده الذهبي
في "الضعفاء" وقال: قال ابن معين: كان يكذب. وقال البخاري: فيه نظر. وقال أبو
حاتم: متزوك

ومن هذا البيان والنقد تعلم تقصير الهيثمي حين قال في "مجمع الزوائد" (10/286)
رواه أبو يعلى، وفيه سليمان الشاذكوني وهو متزوك
وأشار المنذري في "الترغيب" (4/96) إلى تضعيشه

বাংলা

১২৯৩। নেককারগণ যে পরিমাণে দুনিয়া বিমুখতা দেখিয়েছেন সে পরিমাণে দুনিয়ার সৌন্দর্যকে গ্রহণ করেননি।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আবু ইয়ালা তার "মুসনাদ" গ্রন্থে (৯৮/১-২) সুলাইমান শায়কুনী হতে, তিনি ইসমাইল ইবনু আবান হতে, তিনি আলী ইবনু হায়াওআর হতে, তিনি বলেনঃ আমি আবু মারইয়ামকে বলতে শুনেছি, তিনি বলেনঃ আমি আম্মার ইবনু ইয়াসের (রাঃ)-কে বলতে শুনেছি, তিনি বলেন, আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি ধারাবাহিকভাবে অন্ধকারাচ্ছন্ন বর্ণনাকারীর দ্বারা ধ্বংসপ্রাপ্ত।

১। আবু মারইয়াম হচ্ছেন সাকাফী। তার সম্পর্কে হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি মাজত্তুল।

২। আলী ইবনুল হায়াওআর সম্পর্কে তিনি বলেনঃ তিনি মাতরুক। কঠোর শিয়া মতাবলম্বী।

৩। ইসমাইল ইবনু আবান হচ্ছেন আল-গানবী আল-খাইয়্যাত্ত কুফী। তার সম্পর্কে হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি মাতরুক, তাকে হাদিস জাল করার দোষে দোষী করা হয়েছে।

৪। সুলাইমান শায়কুনী হচ্ছেন ইবনু দাউদ। তিনি হাদীস জাল করার এবং হাদীসের ক্ষেত্রে মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। হাফিয় যাহাবী তাকে "আয়-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইবনু মাঝেন বলেনঃ তিনি মিথ্যা বলতেন। ইমাম বুখারী তার সম্পর্কে বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। আবু হাতিম বলেনঃ তিনি মাতরুক।

উপরোক্ষে কারণে হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/২৮৬) যা বলেছেন তা নিতান্তই অপর্যাপ্ত। কারণ তিনি বলেছেনঃ হাদীসটি আবু ইয়ালা বর্ণনা করেছেন। এর সনদে সুলাইমান শায়কুনী রয়েছেন, তিনি মাতরুক। আর মুন্যেরী "আত-তারগীব" গ্রন্থে (৪/৯৪) তার দুর্বল হওয়ার ব্যাপারে ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72172>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন